# U.G. 4th Semester Examination - 2022

## BENGALI

## [HONOURS]

### Course Code : BBNGCCHT403

### Course Title : বাংলা উপন্যাস ও ছোট গল্প

পূর্ণমান : ৪০ সময় : ২ ঘন্টা

সংক্ষিপ্ত অথচ যথাযথ উত্তর দাও।

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।

১। নিম্নলিখিত যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ১×১০=১০

ক) 'রাজসিংহ' উপন্যাসের পঞ্চম খণ্ডের শিরোনামটি লেখো।

খ) 'রাজসিংহ' উপন্যাসের তৃতীয় খণ্ডের অষ্টম অধ্যায়ে উল্লেখিত মেহেরজান-এর আসল পরিচয় দাও।

গ) 'আমায় ক্ষমা কর! আমি ঐশ্বর্যের গৌরবে পাগল হইয়াছিলাম।' —'রাজসিংহ' উপন্যাসে এই উক্তি কে কাকে করেছিল?

ঘ) 'রূপনগরের ও রাজা ছিল' --- রূপনগর কোথায় অবস্থিত? তার রাজার নাম লেখো।

ঙ) 'চার অধ্যায়' প্রথম সংস্করণ প্রকাশের সময় রবীন্দ্রনাথ কী নামে এর ভূমিকার অবতারণা করেছিলেন?

চ) কানাই গুপ্ত কী কাজ করতেন?

[পরের পাতায়]

ছ) 'চার অধ্যায়' উপন্যাসে দ্বিতীয় অধ্যায়ে অতীন এলা কে যে কবিতাটি শুনিয়েছিল সেটি কার রচনা?

জ) "Son of a Dom- অ্যাঁ - He is a poet!"— উক্তিটি কে, কার সম্পর্কে বলেছিল?

ঝ) নিতাই কবিয়াল কোথায় পড়াশুনা করেছিল?

ঞ) বসনের মৃত্যু কোন্ জায়গায় হলো?

ট) ঝুমুর দলের সঙ্গে নিতাই প্রথম কোন্ মেলায় গান গেয়েছিল?

ঠ) 'আদাব' গল্পে নৌকার মাঝির বাড়ি কোথায় ছিল?

ড) 'একদিন উপস্থিত হল চরকান্দায় এলেম সেখের বাড়ি' —এলেম সেখ কে ছিল?

ঢ) কাঙালীর মা কীভাবে স্বর্গে যেতে চেয়েছিল?

ণ) লম্বকর্ণের শিং কে বাঁধিয়ে দিয়েছিল?

২। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

ক) 'আপনি আমায় পরিত্যাগ করলে আমি রাজসমন্দরে ডুবিয়া মরিব' — কে কাকে এ কথা বলেছে? 'রাজসমন্দর' বলতে কী বোঝানো হয়েছে?

খ) 'চার অধ্যায়' উপন্যাসে ইন্দ্রনাথ এলা কে কোন্ কাজে নিযুক্ত করেছিল? ইন্দ্রনাথ কে?

গ) 'এ গান তুমি কেনে লিখলে কবিয়াল?' — বসন কোন্ গানের কথা বলেছিল? গানটির চরণগুলি লেখো।

ঘ) পাঁচীর জন্য ভিখু কাকে খুন করেছিল?

ঙ) 'কেবল গাছ বাওয়াই সার হইছে তার।' — বক্তা কার

কাছে কেন এই কথা বলেছে?

চ) 'আদাব' গল্পে সর্বপ্রথম মাঝি'র ধর্ম পরিচয় কীভাবে জানা গেল?

ছ) 'রাজাবাহাদুর সোৎসাহে বল্লেন - ফতে!' — রাজাবাহাদুর কখন ও কেন একথা বলেছিলেন?

জ) 'মহানগর' গল্পে রতনের বাবার নাম লেখো। রতন দিদিকে খুঁজতে কোথায় গিয়েছিল?

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) 'রাজসিংহ' উপন্যাসে জেবউন্নিসার শাহজাদী থেকে প্রেমিকা নারীতে রূপান্তরের স্বরূপটি আলোচনা করো।

খ) 'টোপ' গল্পে সামন্ততান্ত্রিক মনোবৃত্তির যে নগ্ন চিত্র রয়েছে তা বিবৃত করো।

গ) 'আদাব' গল্পে তৎকালীন প্রেক্ষাপটে সাম্প্রদায়িক সম্প্রীতির যে চিত্র লেখক তুলে ধরেছেন তা আলোচনা করো।

৪। যে-কোনো **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) নিতাই কবিয়াল চরিত্রটি বিশ্লেষণ করো।

খ) 'চার অধ্যায়' উপন্যাসে অতীন এলার প্রেম কাহিনি মুখ্য, বিপ্লবের ভূমিকা গৌণ— আলোচনা করো।

গ) 'চতুর্থ পানিপথের যুদ্ধ'— গল্পটির নামকরণের সার্থকতা আলোচনা করো।

———————